

বিটিআরআই কালিটি উপকেন্দ্র, কুলাউড়া, মৌলভীবাজার।

স্থাপিত : ১৯৭৪ ইং।

আয়তন

বিটিআরআই কালিটি উপকেন্দ্রের অধীনে মোট জমির পরিমাণ = ২০ একর (৮ হেক্টর)। এই জমির বিন্যাস নিম্নরূপ:

- চা আবাদি জমির পরিমাণ: ১৩ একর (৫.৩০ হেক্টর)। এখানে বিটি ১ হতে বিটি ১০ পর্যন্ত পূর্ণ বয়স্ক চা আবাদি সেকশন এবং টিভি ১ চা জাতের সেকশন বিদ্যমান।
- অফিস, বাংলো, গার্ড ঘর: ১ একর (০.৪০ হেক্টর)।
- এইচ.ওয়াই.ভি নার্সারী: ১ একর (০.৪০ হেক্টর)।
- লেবার লাইন: ১ একর (০.৪০ হেক্টর)।
- অনাবাদি, কবরস্থান: ২ একর (০.৭৫ হেক্টর)।
- নিচু স্থান, পুকুর: ২ একর (০.৭৫ হেক্টর)।

কার্যাবলী

পরিচালক, বিটিআরআই মহোদয়ের আদেশে বিটিআরআই কালিটি উপকেন্দ্রের মাধ্যমে পার্শ্বস্থ চা বাগানগুলোকে নিম্নলিখিতভাবে সাহায্য, সহযোগিতা করা হয়ে থাকে:

- (১) প্রতি বছর পার্শ্বস্থ বিভিন্ন বাগানে ক্লোন চা চারা উৎপাদনের জন্য ফ্রেশ কাটিং সরবরাহ করা হয়ে থাকে।
- (২) চা চারা উৎপাদন করে বিভিন্ন বাগানে রোপনোপযোগী চারা সরবরাহ করা হয়ে থাকে।
- (৩) উপকেন্দ্রে উৎপাদিত সবুজ চা পাতা (প্রতি বছর আনুমানিক ৩০ হাজার কেজি সবুজ পাতা উৎপাদিত হয়) বিটিআরআই কর্তৃক নির্ধারিত চা বাগানের ফ্যাক্টরীতে নির্ধারিত মূল্যে বিক্রয় করা হয়।
- (৪) এছাড়াও বিভিন্ন সময়ে পার্শ্বস্থ চা বাগানগুলোর চাহিদা অনুযায়ী কারিগরি সহায়তা প্রদান করা হয়ে থাকে।